

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পর্যাৱনিকাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০৬৭.২৩ নথির বিষয়: Find out & Rising to Road Surface Level with Repair & Maintenance of Existing DMA Assets (SV, ARV, SV chamber, ARV chamber and Washout Chamber) at DMA-317 & 319 Area under MODS Zone-3, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Find out & Rising to Road Surface Level with Repair & Maintenance of Existing DMA Assets (SV, ARV, SV chamber, ARV chamber and Washout chamber) at DMA-317 & 319 Area under MODS Zone-3, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৮/৮/২৩ ২:২৭ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন -৩ ঢাকা ওয়াসার একটি অন্যতম বৃহৎ এবং গুরুত্বপূর্ণ জোন। এই জোনের আওতাধীন ডিএমএ-৩১৭ (ফ্রি-স্কুল স্ট্রীট, এলিফ্যান্ট রোড, পান্থপথ, কার্টাবন, হাতিরপুল) ও ডিএমএ-৩১৯ (পূর্ব রাজাবাজার, পশ্চিম রাজাবাজার, ইন্দিরা রোড, মানিক মিয়া এভিনিউ) এলাকায় বিচারপতি, মাননীয় মন্ত্রী, সচিব সহ ভিআইপিদের বসবাস। বর্ণিত DMA এর আওতাধীন এলাকায় পানি সরবরাহ ব্যবস্থাপনা সুষ্ঠু রাখার জন্য বিভিন্ন পয়েন্টে বিভিন্ন ব্যাসের DMA Assets (SV, ARV, SV chamber, ARV chamber and Washout Chamber) স্থাপন করা হয়েছে। উক্ত DMA Assets সমূহ নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষণ করা না হলে সুষ্ঠু ভাবে পানি সরবরাহ ব্যবস্থাপনা কার্যক্রম ব্যাহত হবে। বর্ণিত এলাকার পানি সরবরাহ লাইনে স্থাপিত বিভিন্ন ভালভ সহ এর চেম্বার সমূহ রাস্তার কার্পেটিং এর নিচে চলে গিয়েছে এবং এর টপ স্ল্যাব, ওয়াল সমূহ ভেঙ্গে গিয়েছে। DMA Assets সমূহ দীর্ঘদিন রাস্তার কার্পেটিং এর নিচে পড়ে থাকলে এবং নিয়মিত রক্ষণাবেক্ষণ করা না হলে বিভিন্ন ভালভ এর স্পিন্ডল সমূহে মরিচা এবং আয়রন জমে অকেজো হওয়ার সম্ভাবনা থাকে। তাই বর্ণিত এলাকায় পানি সরবরাহ ব্যবস্থাপনা স্বাভাবিক রাখার স্বার্থে ভালভ সমূহ খুঁজে বের করে মেরামত ও রক্ষণাবেক্ষণ করা সহ বিভিন্ন চেম্বার সমূহ রাইজিং করে রাস্তার লেভেলে নিয়ে আসা একান্ত প্রয়োজন। এতে প্রয়োজন অনুযায়ী স্লুইস ভালভ সমূহ কন্ট্রোল করে পানি সরবরাহ ব্যবস্থাপনা স্বাভাবিক রাখা সম্ভব হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৮/৮/২৩ ২:২৮ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে মডস জোন -৩ এর আওতাধীন ডিএমএ ৩১৭ ও ডিএমএ ৩১৯ এলাকায় পানির লাইনের বিদ্যমান DMA Assets (SV, ARV, SV chamber, ARV chamber and Washout Chamber) সমূহ খুঁজে বের করে মেরামত করা সহ চেম্বার সমূহ রাইজিং করে রাস্তার লেভেলে নিয়ে আসার লক্ষ্যে ঢাকা ওয়াসার সর্বশেষ অনুমোদিত রেট ও বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৩৯৮৬১৫.৪১৪ (তিন লক্ষ আটানব্বই হাজার ছয় শত পনের দশমিক চার এক চার) টাকা মাত্র (সংযুক্তি-৩)।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৮/৮/২৩ ২:৩৩ অপরাহ্ন

আলোচ্য কাজটি বিশেষ ধরনের হওয়ায় তা বাস্তবায়নের জন্য উক্ত কাজে অভিজ্ঞ ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রয়োজন। সে মোতাবেক কাজটি ঢাকা ওয়াসার তালিকা ভুক্ত অভিজ্ঞ ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-তে সম্পন্ন করা যেতে পারে। কাজটি মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পানির লাইন রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং- বি-১৩.২৫ এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি ক্র: নং-১)। e-GP প্রক্রিয়ায় আলোচ্য কাজের দরপত্র আহ্বানের জন্য CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসেবে নির্বাহী প্রকৌশলী, মডস জোন-০৩ দায়িত্ব পালন করবেন এবং PE কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র

-2-

আহ্বান, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। অনুমোদিত APP মোতাবেক এবং ঢাকা ওয়াসার ২০০৬ সালের অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য ক্রয় কাজটির চুক্তি অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা কপি।

২। বিস্তারিত হিসাব বিবরণী।

৩। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৮/৮/২৩ ২:৩৪ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরিউক্ত বিস্তারিত বর্ণনার আলোকে Find out & Rising to Road Surface Level with Repair & Maintenance of Existing DMA Assets (SV, ARV, SV chamber, ARV chamber and Washout Chamber) at DMA-317 & 319 Area under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজটি বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে :

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট: ৩৯৮৬১৫.৪১৪ (তিন লক্ষ আটানব্বই হাজার ছয় শত পনের দশমিক চার এক চার) টাকা মাত্র এর প্রাক্কলনটি অনুমোদন;

খ) কাজটি বিশেষ ধরনের হওয়ায় পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)- তে CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন ও আহ্বান করে কাজটি সম্পাদন করার অনুমোদন এবং;

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- বি.১৩.২৫ এবং বাজেট বরাদ্দের “পানির লাইন রক্ষণাবেক্ষণ” (কোড ০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করার সদয় অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

 ৮/৮/২৩ ২:৩৯ অপরাহ্ন অশোক কুমার হালদার উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৩	 ৮/৮/২৩ ৪:০৩ অপরাহ্ন মিলন মজুমদার সহকারী প্রকৌশলী মডস জোন-৩	 ৯/৮/২৩ ৯:৪৩ পূর্বাহ্ন জয়ন্ত সাহা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৩	 ৯/৮/২৩ ১:২০ অপরাহ্ন শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-১
৯/৮/২৩ ১:২০ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)			

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৯/৮/২৩ ৬:১০ অপরাহ্ন

অনুমোদিত